মেহেরপুর জেলা রোভার স্কাউটসের সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের গৌরবের পঞ্চাশ বছর উদযাপন উপলক্ষে মেহেরপুরে সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৭ জানুয়ারি) সকালে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটা র্যালি বের হয়। র্যালিটি মেহেরপুর সরকারী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে শেষ হয়ে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা রোভার স্কাউটসের সহ সভাপতি নুরুল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা রোভারের সভাপতি শামীম হাসান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার ও মেহেরপুর সরকারী মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

জেলা রোভার স্কাউটসের সম্পাদক ফররুখ আহমেদের সঞ্চালনায় জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, ডি আর এস এল আনোয়ার হোসেন, সহকারী কমিশানার জাহির হোসেন চঞ্চল, গাংনী ডিগ্রি কলেজের আাসাদুজ্জামান, জেলা যুগ্ন সম্পাদক আলমগীর হোসেন, হাড়াভাঙ্গা মাদ্রাসার সহকারী অধ্যাপক আতিকুর রহমান, মুজিবনগর ডিগ্রি কলেজের রোকেয়া খাতুন, ছহিউদ্দীন ডিগ্রি কলেজের ওয়াহিদুজৃজামান টিটু, এআরবি কলেজের সেলিম রেজা, সরকারী টেকনিকাল স্কুল এন্ড কলেজের মনারুল ইসলাম, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজের এমদাদুল হক ও আন নুর টেকনিকাল এন্ড বিএম কলেজের শাহিনুজ্জামান সহ বিভিন্ন কলেজ মাদ্রাসার ও রোভার শিক্ষকগণ উপস্থিত ছিলেন।